



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর



সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)  
www.sesip.gov.bd

স্মারক নং : মাউশি/সেসিপ/১-৩১/বিবিধ/২০১৪(অংশ-১)/৫৭৪

তারিখ : ২২/১১/২০২১

বিষয়: ৬৪০টি শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহকৃত ভোকেশনাল ট্রেডের মালামালের সুষ্ঠু ব্যবহার, সংরক্ষণ ও নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)” শীর্ষক উন্নয়ন কর্মসূচির মাধ্যমে মাধ্যমিক শিক্ষার গুণগত মানোন্নয়নে দেশব্যাপী বিভিন্ন সংস্কারধর্মী যুগোপযোগী কর্মসূচী বাস্তবায়ন করা হচ্ছে। সেসিপের মাধ্যমে বর্তমান সরকারের অগ্রাধিকারমূলক কর্মসূচীর আওতায় সাধারণ শিক্ষাধারায় Pre-Vocational and Vocational Program Implementation (PVIP) কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে ৬৪০টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটিতে ২টি ট্রেডের বিভিন্ন উপকরণ সরবরাহ ও ইনস্টলমেন্টের কাজ চলমান আছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোতে সরবরাহকৃত উপকরণগুলোর যথাযথ ব্যবহার, সংরক্ষণ ও এর নিরাপত্তা নিশ্চিত করা অপরিহার্য।

এমতাবস্থায়, Pre-Vocational and Vocational Program Implementation (PVIP) কর্মসূচী যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে ৬৪০টি শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহকৃত নির্ধারিত ট্রেডের মালামালের যথাযথভাবে সংরক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান হলো।

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)

প্রোগ্রাম পরিচালক, সেসিপ

ও

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. যুগ্ম প্রোগ্রাম পরিচালক (অ.দা.), সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক, প্রশাসন/প্রোগ্রাম/ইকুইটি, এসপিএসইউ, সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।
৪. প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-৩), সেসিপ, ঢাকা (সেসিপ-এর ওয়েব সাইটে আদেশটি প্রকাশের অনুরোধসহ)।

বিতরণ: প্রয়োজনীয় কার্যার্থে

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় (সকল)
২. জেলা শিক্ষা অফিসার (সকল)
৩. থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
৪. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান
৫. অফিস কপি।